www.prepp.in

**Roll No.** | | | | | | | | |

(Write Roll Number from left side exactly as in the Admit Card)

*Signature of Invigilator*

**Question Booklet Series** **X**

**PAPER–II**

**Question Booklet No.**

(Identical with OMR Answer Sheet Number)

**Subject Code : 02**

# BENGALI

*Time : 2 Hours* *Maximum Marks: 200*

*পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী*

১. এই পৃষ্ঠার উপরিভাগের নির্দিষ্ট স্থানে এবং OMR পত্রের নির্দিষ্ট স্থানে নিজের ক্রমিক সংখ্যা (Roll No.) লিখুন।

২. পরীক্ষার সূচনায় প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) আপনাকে দেওয়া হবে। প্রথম ৫ (পাঁচ) মিনিটেই প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) খুলে নিবিড় ভাবে যাচাই করে নেওয়ার জন্য আপনাকে অনুরোধ করা হচ্ছে ঃ

(i) প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) উন্মুক্ত করতে প্রচ্ছদ পৃষ্ঠার (Cover Page) প্রান্তস্থ কাগজের সীলটি আপনাকে খুলতে হবে।

(ii) যদি প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ত্রুটিযুক্ত এমন নির্ধারিত হয়, তাহলে পরীক্ষা শুরুর প্রথম পাঁচ মিনিটের মধ্যে পরীক্ষা পরিদর্শক সেটি সঠিক প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) দ্বারা প্রতিস্থাপিত করে দেবেন। এই সময়ের পর কোনও ভাবে প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) প্রতিস্থাপন করা যাবে না। কোনও অতিরিক্ত সময়ও দেওয়া হবে না।

(iii) প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) এবং OMR পত্রের নম্বর অভিন্ন আছে কিনা যাচাই করে নেবেন। নম্বরে অমিল থাকলে সম্পূর্ণ সেট্‌টি প্রতিস্থাপিত করতে হবে।

(iv) যাচাই সম্পূর্ণ হলে প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) সিরিজ এবং প্রশ্নপত্র পুস্তিকার (বুকলেট) নম্বর OMR পত্রে লিপিবদ্ধ করতে হবে।

৩. এই পত্রটিতে একশত (১০০)-টি বহুমুখী উত্তরধর্মী প্রশ্ন (Multiple-choice Type Questions) রয়েছে। প্রতিটি প্রশ্নের উত্তর করা আবশ্যিক। প্রতিটি প্রশ্নের মান *দুই*।

৪. প্রতিটি প্রশ্নের উত্তররূপে চারটি বৃত্ত (Circle) চিহ্নিত বিকল্প উত্তর রয়েছে ঃ (A) (B) (C) (D) । নিম্নলিখিত নির্দেশমত আপনাকে সঠিক উত্তরটির বৃত্ত ঘন কালো করতে হবে।

*উদাহরণ ঃ* (A) (B) ● (D) , যেখানে সঠিক উত্তর (C) ।

৫. আপনার দেওয়া প্রশ্নের সঠিক উত্তরগুলি যেন OMR পত্রের নির্দিষ্ট স্থানেই দেওয়া হয়। OMR পত্রের নির্দিষ্ট বৃত্তের বাইরে উত্তর দিলে কোনও ভাবেই তা মূল্যায়িত হবে না।

৬. প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) শেষ অংশে রাফ কাজ (rough work) করবেন।

৭. OMR পত্রের নির্দিষ্ট স্থানে নির্দিষ্ট তথ্য প্রদান ব্যতীত আপনি যদি অতিরিক্ত কোনও ব্যক্তিগত তথ্য যথা— নাম, ফোন নম্বর লেখেন অথবা এমন কোনও ইঙ্গিত দেন যার দ্বারা আপনার ব্যক্তিগত পরিচয় চিহ্নিত হতে পারে অথবা কোনও অবমাননাকর ভাষার প্রয়োগ হয় অথবা অসৎ কোনও উপায় অবলম্বন করা হয় যথা— আঁচড় দিয়ে বা সাদা কালি দিয়ে উত্তর পরিবর্তনের প্রয়াস করা হয়, সেক্ষেত্রে আপনি আপনার উত্তরপত্র বাতিলের জন্য দায়ী থাকবেন।

৮. OMR পত্রটি কোনও ভাবে ক্ষতিগ্রস্ত করবেন না বা ভাঁজ করবেন না। সেক্ষেত্রে আপনার OMR পত্রটি মূল্যায়িত হবে না।

৯. পরীক্ষা সমাপ্ত হলে আবশ্যিক ভাবে প্রকৃত (Original) OMR পত্রটি পরীক্ষা পরিদর্শককে জমা দিতে হবে এবং কোনও ভাবে এটি পরীক্ষা কক্ষের বাইরে নিজের সঙ্গে বহন করা যাবে না। আপনি অবশ্য পরীক্ষা সমাপ্ত হওয়ার পর প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ও OMR পত্রের প্রতিলিপি (Duplicate) কপিটি নিজের সঙ্গে বহন করে নিয়ে যেতে পারবেন।

**১০. শুধুমাত্র কালো বল্ পয়েন্ট পেন ব্যবহার করবেন।**

**১১. কোনও প্রকার ক্যালকুলেটর, মোবাইল ফোন, বৈদ্যুতিন উপকরণের (ডিভাইস/গ্যাজেটস ইত্যাদি) ব্যবহার কঠোরভাবে নিষিদ্ধ।**

**১২. ভুল উত্তরের জন্য কোনও রকম নেতিবাচক (Negative) নম্বর দেওয়া হবে না।**

Prepp
Your Personal Exams Guide

www.prepp.in

Prepp
Your Personal Exams Guide



## PAPER II

## (BENGALI)

**1.** তিন 'স'-কারের স্থানে সাধারণত একটি ধ্বনির ব্যবহার ভারতীয় আর্য ভাষার যে-স্তরের বৈশিষ্ট্য

(A) প্রাচীন ভারতীয় আর্য

(B) মধ্য ভারতীয় আর্য

(C) নব্য ভারতীয় আর্য

(D) প্রত্ন-নব্য ভারতীয় আর্য

**2.** ভারতীয় আর্য ভাষার যে-রূপে স্বরাঘাতের স্থান পরিবর্তনে অর্থের পরিবর্তন হত

(A) বৈদিক

(B) প্রাকৃত

(C) সংস্কৃত

(D) প্রত্ন-নব্য ভারতীয় আর্য

**3.** "__________ বিলাত যাত্রীর চিঠির মধ্যে পড়া সেই সুন্দর গল্পটি তাহার মনে পড়ে..."

শূন্যস্থানে যে-পত্রিকার নাম বসবে, সেটি হল

(A) ভারতবর্ষ

(B) যমুনা

(C) বঙ্গবাসী

(D) বিচিত্রা

**4.** "সে নাই কেশবানন্দ, আমি তাকে হত্যা করেছি।" — এই কথাটির বক্তা মাধবানন্দ যাকে হত্যা করেছিলেন

(A) গোপালানন্দ

(B) গোকুলানন্দ

(C) শ্যামানন্দ

(D) যাদবানন্দ

**5.** তাৎমা পুরুষদের রোজগার কিছু অনিশ্চিত হয়ে আসে যে সময়ে তা হল

(A) কার্তিক-অঘ্রাণ মাসে

(B) আষাঢ়-শ্রাবণ মাসে

(C) চৈত্র-বৈশাখ মাসে

(D) ভাদ্র-আশ্বিন মাসে

**6.** "দীননাথের বুক বেদনায় টনটন করিয়া উঠে" — তার কারণ

(A) অনন্তের মায়ের মৃত্যু হয়েছে।

(B) রামকেশরের একমাত্র ছেলে পাগল হয়ে গেছে।

(C) সুবলের আকস্মিক মৃত্যু ঘটেছে।

(D) বাসন্তীর মতিগতি খারাপ হয়ে গেছে।

**7.** আরা স্টেশন থেকে ছোট বাঘিয়ার দূরত্ব

(A) ছয় ক্রোশ

(B) আট ক্রোশ

(C) দশ ক্রোশ

(D) বারো ক্রোশ

**8.** বিজয়নগরের রাজগুরু হলেন

(A) আর্য কূর্মদেব

(B) আর্য বামনদেব

(C) আর্য দামোদর স্বামী

(D) হরিআপ্পা কৃষ্ণমূর্তি

**9.** "যতদিন আমার দেশ পরপদানত, ততদিন কারুর নেই বিশ্রাম।" এই সংলাপটি যে-নাটকের অংশ

(A) পলাশীর যুদ্ধ

(B) তিতুমীর

(C) সধবার একাদশী

(D) ময়ূরবাহন

**10.** "কি আপোদ, যখন সায়েব আমার হাতে আছে তখন তোর আর ভয় কি?"

'একেই কি বলে সভ্যতা' নাটকে একথা যে বলেছে

(A) প্রসন্নময়ী

(B) কমলা

(C) নৃত্যকালী

(D) হরকামিনী

**[ Please Turn Over ]**

**11.** "পুতুলনাচের ইতিকথায় সে কাহিনি প্রক্ষিপ্ত"— এখানে 'সে কাহিনি' বলতে যে কাহিনির কথা বলা হয়েছে, তা হল

(A) নন্দলাল-বিন্দু

(B) বনবিহারী-জয়া

(C) যাদব পণ্ডিত-পাগল দিদি

(D) কুমুদ-মতি

**12.** জাপানে রবীন্দ্রনাথ যে শিল্পীর বাড়িতে ছিলেন তাঁর নাম

(A) টাইক্কান

(B) শিমোমুরা

(C) হোকুসাই

(D) উতামারো

**13.** রবীন্দ্রকবিতায় বীণকার দেবীকে সমর্পণ করেছিলেন

(A) হৃদয়ভার

(B) মধুরধ্বনি

(C) গুঞ্জরণ

(D) সুবর্ণ তার

**14.** 'বাঁশি' কবিতায় ছাতার অবস্থার সঙ্গে যেটি তুলনীয় সেই শব্দবন্ধটি হল

(A) জরিমানা-দেওয়া মাইনে

(B) আধখানা মাইনে

(C) বাকিপরা মাইনে

(D) খরচ হয়ে যাওয়া মাইনে

**15.** "বৃহত্ত্ব ও মহত্ত্ব সকল সময়ে এক নহে," এই কথাটি বলেছিলেন

(A) ব্যোম

(B) ক্ষিতি

(C) স্রোতস্বিনী

(D) দীপ্তি

**16.** রবীন্দ্রনাথের মতে "সাহিত্য ও ললিতকলার কাজই হচ্ছে"

(A) বিস্তার

(B) জ্ঞাপন

(C) প্রেরণ

(D) প্রকাশ

**17.** "হায়ওয়ান আলী মোকদ্দমা জিতে আমার বাড়ী ঘর ভেঙ্গে চুরে খানে-ওয়ারাণ ক'রে ফেলেছে।"— এই বাক্যে 'খানে-ওয়ারাণ'-এর অর্থ হল

(A) নয়ছয়

(B) লণ্ডভণ্ড

(C) এলোমেলো

(D) ছত্রখান

**18.** 'জনা' নাটকের পাঁচটি অঙ্কে মোট যতগুলি গর্ভাঙ্ক আছে

(A) একুশ

(B) ছাব্বিশ

(C) তিরিশ

(D) একতিরিশ

**19.** "আমার কেবল এক যুক্তি আছে।"— সম্রাট সাজাহান একথা বলেন

(A) দারাকে

(B) জাহানারাকে

(C) নাদিরাকে

(D) ঔরঙ্গজেবকে

**20.** "একদম মিথ্যে। ভুলে যাও তুমি তোমার ব্যথার কথা।" 'নবান্ন' নাটকে এই সংলাপ বলেন যিনি

(A) প্রধান সমাদ্দার

(B) হারু দত্ত

(C) নির্মলবাবু

(D) ডাক্তারবাবু

www.prepp.in



**21.** ‘প্রথম পার্থ’ কাব্যনাট্যে দ্রৌপদী চলে যাবার আগে কর্ণ তাঁকে বলেন

(A) “দ্রৌপদী, তুমি সুখী হও।”
(B) “পাণ্ডবপত্নী, বিজয়িনী হও।”
(C) “মনোবাঞ্ছা পূর্ণ হোক পাঞ্চালী।”
(D) “জয়ী হও দ্রুপদকন্যা।”

**22.** “ভিন্ন ভিন্ন মানুষের ভিন্ন ভিন্ন বাঁচন পদ্ধতি।”
‘চাঁদ বণিকের পালা’ নাটকে যিনি এ কথা বলেছিলেন

(A) চাঁদ
(B) শিবদাস
(C) বল্লভাচার্য
(D) বনমালী

**23.** ‘বাকি ইতিহাস’ নাটকে শরদিন্দুর বলা গল্পে সীতানাথের বন্ধুর নাম

(A) নিখিল
(B) বিজয়
(C) বাসুদেব
(D) উপরের কোনোটিই নয়

**24.** ‘সিংহাসনের ক্ষয়রোগ’ নাটকের তিনটি ভাগকে নাটককার বলেছেন

(A) দৃশ্য
(B) প্রবাহ
(C) তরঙ্গ
(D) গর্ভাঙ্ক

**25.** রবীন্দ্রনাথের পিতামহ দ্বারকানাথ ঠাকুরের ইংরেজি জীবনী লিখেছিলেন

(A) শিবনাথ শাস্ত্রী
(B) প্যারীচাঁদ মিত্র
(C) রাজনারায়ণ বসু
(D) কিশোরীমোহন মিত্র

**26.** রবীন্দ্রনাথের ‘ঘরে বাইরে’ উপন্যাসের উৎসর্গপত্রে যে সম্বোধন ও নাম ছিল

(A) শ্রীমান্ প্রমথনাথ চৌধুরী
(B) স্নেহভাজন প্রমথ চৌধুরী
(C) শ্রী প্রমথ চৌধুরী
(D) শ্রীযুক্ত প্রমথ চৌধুরী

**27.** ‘চতুরঙ্গ’ উপন্যাসে অধ্যাপক উইল্‌কিন্‌স-কৃত বেড়ালের অর্থবোধক শব্দবন্ধ

(A) a quadruped of sly species.
(B) a quadruped of stealthy species.
(C) a quadruped of feline species.
(D) a quadruped of slinky species.

**28.** “মূর্খ যারা তারাই প্রশ্ন জিজ্ঞাসা করে”,
‘অচলায়তন’ নাটকে এই কথা বলেছিলেন

(A) বিশ্বম্ভর
(B) সঞ্জীব
(C) জয়োত্তম
(D) মহাপঞ্চক

**29.** হৈমন্তীকে তাঁর বাবা আদর করে যে নামে ডাকতেন সেটি হল

(A) শিশির
(B) বুড়ি
(C) মালা
(D) রানি

**30.** “চিম্‌ড়ে ভদ্রলোক চোখে বাইনাকুলার লাগিয়ে একদৃষ্টে বাড়ির দিকে চেয়ে রয়েছেন” দেখে ‘পদিপিসীর বর্মিবাক্স’ গল্পের কথকের যা অবস্থা, তা হল

(A) ‘চক্ষু চড়কগাছ’
(B) ‘টনসিল ফুলে কলাগাছ’
(C) ‘চোখ ইজ্ জ্বল্‌জ্বলিং’
(D) ‘চোখ কপালে উঠল’

**[ Please Turn Over ]**

**31.** 'সুন্দরম' গল্পের সুকুমার পাঠ্যপুস্তক ছাড়া শুধু পড়েছে
(A) বাৎস্যায়নের টীকা
(B) ধর্মশাস্ত্রের ভাষ্য
(C) গীতার অনুবাদ
(D) যোগশাস্ত্রের দীপিকা

**32.** 'নিম অন্নপূর্ণা' গল্পে মেয়েদের যে খেলা ব্রজর "সকল কিছুকে অপহরণ" করে
(A) পুতুল খেলা
(B) খাওয়া-খাওয়া খেলা
(C) জল চিবিয়ে খাওয়া
(D) মেঘ মেঘ খেলা

**33.** বৃষ্টিতে মাটি কাটা বন্ধ না হলে নিবারণ কাজ করে যা মজুরি পেত, তা হল
(A) তিন টাকা আট আনা
(B) সাড়ে চার টাকা নগদ
(C) সাড়ে সাত টাকা নগদ
(D) আট টাকা বারো আনা

**34.** বন্দির এস বি এ সেলে যাওয়ার তারিখ ছিল
(A) পঁচিশে মার্চ
(B) উনতিরিশে মে
(C) বাইশে ডিসেম্বর
(D) পঁচিশে ডিসেম্বর

**35.** শ্রীরাধা যে ধরনের নায়িকা
(A) নিত্যকান্তা
(B) দেবী
(C) নিত্যপ্রেয়সী
(D) সাধনপরা

**36.** যেটি ট্র্যাজেডির শ্রেণি নয়
(A) জটিল ট্র্যাজেডি
(B) সরল ট্র্যাজেডি
(C) যন্ত্রণার ট্র্যাজেডি
(D) চরিত্রের ট্র্যাজেডি

**37.** 'পোয়েটিক্স'-এর যে অধ্যায়ে অনুকরণকে মানুষের স্বাভাবিক প্রবৃত্তি বলা হয়েছে, তা হল
(A) প্রথম অধ্যায়
(B) দ্বিতীয় অধ্যায়
(C) তৃতীয় অধ্যায়
(D) চতুর্থ অধ্যায়

**38.** "কিনু গোয়ালার গলি।
দোতলা বাড়ির
লোহার-গরাদে-দেওয়া একতলা ঘর
পথের ধারেই।
লোনাধরা দেয়ালেতে মাঝে মাঝে ধসে গেছে বালি,
মাঝে মাঝে স্যাঁতাপরা দাগ।"

যে ছন্দের উদাহরণ
(A) গদ্যছন্দ
(B) মিশ্রকলাবৃত্ত
(C) সরল কলাবৃত্ত
(D) দলবৃত্ত

**39.** মোহিতলাল মজুমদার Stanza-র বাংলা প্রতিশব্দ হিসেবে যে শব্দটি ব্যবহারের পক্ষপাতী, সেটি হল
(A) পদগুচ্ছ
(B) পদসমষ্টি
(C) স্তবক
(D) পদবন্ধ

**40.** যে কাব্যগ্রন্থে রবীন্দ্রনাথ প্রথম 'যুগ্মধ্বনিকে দুই মাত্রার মূল্য দিয়ে' ছন্দ রচনায় প্রবৃত্ত হয়েছিলেন
(A) কড়ি ও কোমল
(B) বলাকা
(C) মানসী
(D) প্রভাতসংগীত

Prepp Your Personal Exams Guide

www.prepp.in



**41.** "মধুসূদনের অমিত্রাক্ষরের যে পরিচয় আমি দিয়াছি তাহাই হইল এই গ্রন্থ রচনার মুখ্য অভিপ্রায়।", নিজের বই সম্বন্ধে এই অভিমত যিনি প্রকাশ করেছিলেন

(A) তারাপদ ভট্টাচার্য
(B) মোহিতলাল মজুমদার
(C) প্রবোধচন্দ্র সেন
(D) অমূল্যধন মুখোপাধ্যায়

**42.** "দুর্যোধনের পদলেহী ওরা, দুঃশাসনের কেনা", নজরুল ইসলামের যে-কবিতার পঙ্‌ক্তি

(A) বিদ্রোহী
(B) আজ সৃষ্টি সুখের উল্লাসে
(C) সব্যসাচী
(D) সর্বহারা

**43.** "সকলের তরে সকলে আমরা/প্রত্যেকে আমরা পরের তরে," পঙ্‌ক্তি দুটি দিয়ে শেষ হচ্ছে যে-কবিতা, তার প্রথম পঙ্‌ক্তিটি হল

(A) নিবিল অকালে আশার প্রদীপ
(B) গিয়াছে ভাঙিয়া সাধের বীণাটি
(C) অন্ধকার মরণের ছায়
(D) কেন যন্ত্রণার কথা, কেন নিরাশার ব্যথা

**44.** "শ্লোক আওড়ায়ে গেছে ____________ কবে", জীবনানন্দ দাশের 'রাত্রি' কবিতা থেকে উদ্ধৃত এই পঙ্‌ক্তির শূন্যস্থানে যে-শব্দ আছে, তা হল

(A) গার্গী
(B) বশিষ্ঠ
(C) মৈত্রেয়ী
(D) পরাশর

**45.** "যা পাইনি তাও থাক্, যা পেয়েছি তাও,
তুচ্ছ বলে যা চাইনি তাই মোরে দাও।।"
—এই কাব্যপঙ্‌ক্তিতে যে-ছন্দোবন্ধের প্রয়োগ করা হয়েছে, তা হল

(A) মহাপয়ার
(B) প্রবহমান পয়ার
(C) পয়ার
(D) ত্রিপদী

**46.** 'অপ্রস্তুত প্রশংসা' যে-প্রকৃতির অলংকার

(A) গূঢ়ার্থ-প্রতীতিমূলক
(B) সাদৃশ্যমূলক
(C) বিরোধমূলক
(D) ন্যায়মূলক

**47.** "তনু দেহখানি ঘেরিয়াছে/ডুরে শাড়ী," এই কাব্যনিদর্শনে যে অলংকার রয়েছে, সেটি হল

(A) সমাসোক্তি
(B) শ্লেষ
(C) যমক
(D) পুনরুক্তবদাভাস

**48.** "চকোরে চুমিয়া চন্দ্রিকা ঝরে", পঙ্‌ক্তিটিতে যে-দুটি অলংকার আছে সেগুলি হল

(A) অনুপ্রাস, রূপক
(B) অনুপ্রাস, সমাসোক্তি
(C) অনুপ্রাস, উপমা
(D) অনুপ্রাস, নিশ্চয়

**49.** " এ যে তোমার তরবারি ?/ জ্বলে ওঠে আগুন যেন, বজ্রসম ভারি", এই উদাহরণে যে অর্থালংকার আছে

(A) উপমা
(B) উৎপ্রেক্ষা
(C) রূপক
(D) নিশ্চয়

**50.** 'অপহ্নুতি' অলংকারের ক্ষেত্রে যা করা হয়, তা হল

(A) উপমেয়কে নিষেধ বা অস্বীকার করা।
(B) উপমানকে নিষেধ বা অস্বীকার করা।
(C) উপমেয় ও উপমানের অভেদত্ব স্বীকার করা।
(D) উপমেয় ও উপমানের পার্থক্য নির্দেশ করা।

www.prepp.in
Prepp
Your Personal Exams Guide



**51.** "ন হি রসাদৃতে কশ্চিদপ্যর্থঃ প্রবর্ততে" বলেছেন

(A) আচার্য ভামহ
(B) আচার্য ভরত
(C) আচার্য কুন্তক
(D) আচার্য মম্মট

**52.** নীচের দশাগুলির মধ্যে যেটি পূর্বরাগের অন্তর্গত নয়, সেটি হল

(A) লালসা
(B) উদ্বেগ
(C) জাগর্যা
(D) মলিনাঙ্গতা

**53.** "রীতিরাত্মা কাব্যস্য" যিনি বলেছিলেন তিনি হলেন

(A) দণ্ডী
(B) ভামহ
(C) বামন
(D) কুন্তক

**54.** 'সরস্বতীকণ্ঠাভরণ' গ্রন্থের লেখক

(A) মম্মট
(B) ভোজরাজ
(C) ক্ষেমেন্দ্র
(D) রাজশেখর

**55.** রসসূত্রের ব্যাখ্যায় ভট্টনায়কের মতবাদ

(A) উৎপত্তিবাদ
(B) অনুমিতিবাদ
(C) ভুক্তিবাদ
(D) অভিব্যক্তিবাদ

**56.** নির্ভয়ে প্রিয়ার নিকট মিথ্যাবাক্যবিন্যাস করতে পারেন যে নায়ক

(A) অনুকূল
(B) দক্ষিণ
(C) শঠ
(D) ধৃষ্ট

**57.** স্বকীয়া নায়িকাদের সম্ভবপর অবস্থা

(A) অভিসারিকা
(B) খণ্ডিতা
(C) বিপ্রলব্ধা
(D) প্রোষিতভর্তৃকা

**58.** "কী কী কেড়ে নিতে পারবে না", তার একটি 'তালিকা' পাওয়া যায় অমিয় চক্রবর্তীর 'বড়োবাবুর কাছে নিবেদন' কবিতায়। নিম্নলিখিত যে প্রসঙ্গটি সেই তালিকায় নেই, তা হল

(A) কুয়োর ঠান্ডা জল
(B) গ্রীষ্মের দুপুরে বৃষ্টি
(C) স্নিগ্ধ ছায়াভরা গ্রাম
(D) গানের কান

**59.** হেমন্তের অরণ্যে ঘুরে-বেড়ানো পোস্টম্যানদের হলুদ ঝুলিকে কবি শক্তি চট্টোপাধ্যায় যার সঙ্গে তুলনা করেছেন

(A) আবিল ভেড়ার পেটের মতন
(B) রুপোলি মাছের মতো
(C) পলেস্তারার মতো
(D) আহত হরিণীর পেটের মতন

**60.** "আতঙ্কে কনকলঙ্কা জাগিলা সে রবে", 'মেঘনাদবধ কাব্য'-এর যে-সর্গের শেষ পঙ্‌ক্তি

(A) তৃতীয়
(B) চতুর্থ
(C) পঞ্চম
(D) ষষ্ঠ

**61.** "বাঁচিতে কে চাহে? এ সংসার বিষময়। বিষবৃক্ষ সকলেরই গৃহপ্রাঙ্গণে। কে ভালবাসিতে চাহে?" 'বিষবৃক্ষ' উপন্যাসে এই মন্তব্য আছে যে ঘটনার পর, তা হল

(A) নগেন্দ্রনাথ-কুন্দনন্দিনীর বিবাহের পর

(B) সূর্যমুখীর গৃহত্যাগের পর

(C) রামকৃষ্ণ রায়ের থেকে সূর্যমুখীর সংবাদ পাওয়ার পর

(D) নগেন্দ্রনাথের গোবিন্দপুর ত্যাগের পর

**62.** বাবু টেকচাঁদ ঠাকুর বলেন

(A) "সহরের মাতাল বহুরূপী"

(B) "সহরের বড় মানুষেরা নানারূপী"

(C) "সহরের মহাপুরুষেরা হঠাৎ অবতার"

(D) "সহরের বড় মানুষেরা ভয়ানক"

**63.** "সকল খুনের শাস্তি আছে, পোড়া দেশে বৌ খুনের তো আর শাস্তি নেই।", এই কথা বলেছিল

(A) সত্যবতী

(B) ভাবিনী

(C) সৌদামিনী

(D) সুহাস

**64.** রাত্রে শিশুপুত্রকে সঙ্গে নিয়ে যেখানে প্রার্থনা করতে যান পাদ্রী, সেখানে কাঁদে ভামর। জায়গাটি হল

(A) দূর নিমড়ার টিলা

(B) গির্জ্জাঘরের পিছনে

(C) অন্ধকার ছোট জলাশয়

(D) প্রকাণ্ড বনভূমি

**65.** "একসো পদমা চৌষঠ্‌ঠী পাখুড়ী।
তহিঁ চড়ি নাচঅ ডোম্বী বাপুড়ী।।"
এই পঙ্‌ক্তি দুটি যে চর্যাগানে আছে

(A) নগর বারিহি রেঁ ডোম্বি তোহোরি কুড়িআ

(B) সোনে ভরিতী করুণা নাবী

(C) সুজ লাউ সসি লাগেলি তান্তী

(D) উঁচা উঁচা পাবত তহিঁ বসই সবরী বালী

**66.** "শিশু হয়িতেঁ জানো তোর মাএর চরীত।"
'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের 'বংশীখণ্ড'-এ এই উক্তি

(A) রাধার মায়ের সম্পর্কে বড়াইয়ের।

(B) বড়াইয়ের মায়ের সম্পর্কে রাধার।

(C) রাধার মায়ের সম্পর্কে কৃষ্ণের।

(D) বড়াইয়ের মায়ের সম্পর্কে কৃষ্ণের।

**67.** "যাকর চরণ নখর রুচি হেরইতে
মুরছিত কত কোটি কাম।
সো মুঝ পদতলে ধরনী লোটায়ল
পালটি না হেরলু হাম।।"
এই উক্তি নায়িকার যে-অবস্থার

(A) খণ্ডিতা

(B) বিপ্রলব্ধা

(C) কলহান্তরিতা

(D) উৎকণ্ঠিতা

**68.** সমুদ্রে চাঁদ সদাগরের যে-দুটি ডিঙ্গা প্রথম এবং শেষে ডুবেছিল

(A) আজেলা কাজেলা এবং মধুকর

(B) হেতাল এবং আজেলা কাজেলা

(C) ধবল এবং মধুকর

(D) মধুকর এবং আজেলা কাজেলা

**69.** "সাপিনী বাঘিনী সতা পোষ নাহি মানে।" —এই উক্তিটি

(A) খুল্লনার প্রতি লহনার

(B) লহনার প্রতি খুল্লনার

(C) লহনার প্রতি দুর্বলার

(D) খুল্লনার প্রতি দুর্বলার

**70.** অনয়ারাধিতো নূনং ভগবান্ হরিরীশ্বরঃ।
যন্নো বিহার গোবিন্দঃ প্রীতো যামনয়দ্রহঃ।।
'শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থে এই শ্লোকটি যেখান থেকে গৃহীত হয়েছে

(A) গীতগোবিন্দ

(B) বিষ্ণুপুরাণ

(C) শ্রীমদ্ভাগবত

(D) উজ্জ্বলনীলমণি

www.prepp.in



**71.** "সুমিত্রার রূপ দেখ্যা বিরস বদন।"— সুমিত্রার রূপ দেখে যাঁর/যাঁদের বদন বিরস হয়েছিল

(A) কৌশল্যা

(B) কেকয়ী

(C) কৌশল্যা ও কেকয়ী

(D) কেকয়ী ও মন্থরা

**72.** কাশীরাম দাসের 'মহাভারত'-এর 'বিরাট পর্ব'-এ বিরাট-পুত্র উত্তরের কাছে অর্জুন নিজের যে দশটি নাম বলেছেন, তার মধ্যে যেটি নেই, তা হল

(A) কিরীটী

(B) শ্বেতবাহন

(C) পার্থ

(D) কৃষ্ণ

**73.** 'মহুয়া' পালায় মহুয়া তার প্রতি লুব্ধ বণিক সাধুর জন্য যে পান বানিয়েছিল তাতে যার বিষ মেশানো হয়েছিল

(A) কালকেউটে

(B) তক্ষক

(C) গোক্ষুর

(D) কালনাগিনী

**74.** "সেই বলে রচিলুঁ পুস্তক পদ্মাবতী।"—যে বলের কথা এখানে বলা হয়েছে

(A) কবির বিদ্যাবল

(B) পৃষ্ঠপোষক মাগন ঠাকুরের স্নেহবল

(C) পৃষ্ঠপোষক মাগন ঠাকুরের ভাগ্য-যশ-কীর্তির সহায়তা

(D) কবির প্রতি ঈশ্বরের আনুকূল্য

**75.** '-ইব' যোগে ভবিষ্যৎ কালের ক্রিয়ারূপ বাংলা ভাষার যে স্তরে শুরু হয়:

(A) প্রাচীন

(B) আদিমধ্য

(C) অন্ত্যমধ্য

(D) আধুনিক

**76.** সংযোজক অব্যয় হিসেবে 'ও'-এর ব্যবহার বাংলা ভাষার যে স্তরের বৈশিষ্ট্য:

(A) প্রাচীন

(B) আদিমধ্য

(C) অন্ত্যমধ্য

(D) আধুনিক

**77.** অভিশ্রুতি বাংলা ভাষার যে স্তরের প্রধান বৈশিষ্ট্য:

(A) প্রাচীন

(B) আদিমধ্য

(C) অন্ত্যমধ্য

(D) আধুনিক

**78.** নদিয়া অঞ্চলের কথ্যভাষা যে-উপভাষার অন্তর্গত:

(A) রাঢ়ি

(B) বরেন্দ্রি

(C) ঝাড়খণ্ডি

(D) বঙ্গালি

**79.** বাংলার যে উপভাষায় নাসিক্য ব্যঞ্জনধ্বনির লোপ হয় না:

(A) রাঢ়ি

(B) বঙ্গালি

(C) ঝাড়খণ্ডি

(D) বরেন্দ্রি

**80.** ল-কার ও ম-কার যে ধরনের ধ্বনি:

(A) তালব্য

(B) উষ্ম

(C) অর্ধব্যঞ্জন

(D) তাড়িত

www.prepp.in



**81.** একটি দেশি আগন্তুক শব্দের উদাহরণ হল:

(A) খরচ

(B) কেচ্ছা

(C) ঝোল

(D) কুলি

**82.** 'গুদাম' শব্দটি যে-ভাষা থেকে বাংলা শব্দভাণ্ডারে যুক্ত হয়েছে:

(A) ফারসি

(B) ফরাসি

(C) পোর্তুগিজ

(D) তুর্কি

**83.** "__________ মতো জ্বলজ্বল করতে থাকল মিছিলের সেই মুখ।"

শূন্যস্থানে যে শব্দ/শব্দবন্ধ বসবে

(A) আগুনের শিখার

(B) নিষ্কোষিত তরবারির

(C) ফসফরাসের

(D) ভিসুভিয়াসের

**84.** "সাতান্ন পুরুষ তার স্বর্গে যায় চলে" —পঙ্‌ক্তিটি দিয়ে শেষ হচ্ছে ঈশ্বরচন্দ্র গুপ্তের যে-কবিতা

(A) পিঠা-পুলি

(B) বড়দিন

(C) স্নানযাত্রা

(D) পাঁঠা

**85.** বাকুলি ছেড়ে বেরোনোর পর থেকে দোপ্‌দির নাম হয়েছিল

(A) সুমি মেঝেন

(B) বুধী মেঝেন

(C) উপী মেঝেন

(D) দুলি মেঝেন

**86.** "কিন্তু স্থপতির সে স্পেকুলেশন ব্যর্থ হয়েছে।"

এখানে যে 'স্পেকুলেশন'-এর কথা বলা হয়েছে তা হল

(A) ক্যাম্পে দরমার বেড়া দেওয়া

(B) বস্তির ঘর-পিছু একটা করে ফোকর

(C) বস্তির বেড়ায় চাঁছা বাঁশের ওপর কাদার প্রলেপ

(D) বস্তির ঘরের চালে খাপ্‌রা দেওয়া

**87.** একটা প্রকাণ্ড নীল পেয়ালা উপুড় হয়ে আছে মাথার ওপর, সমুদ্রের ওপর, আর সেই পেয়ালা থেকে ঝরে ঝরে পড়ছে

(A) চাঁপা রঙের রৌদ্র

(B) উজ্জ্বল জাফরান ছটা

(C) নয়নাভিরাম ময়ূরকণ্ঠী রঙ

(D) যেন কিছু গলানো সীসা

**88.** 'শবাগার' গল্পে অজিত ধর যে খেলায় স্টেট চ্যাম্পিয়ন ছিল

(A) টেবিল টেনিস

(B) দাবা

(C) ব্যাডমিন্টন

(D) ওয়েট লিফটিং

**89.** 'নূতন কথা গড়া' প্রবন্ধে 'নবেল'-এর বাংলা প্রতিশব্দ হিসেবে যে-শব্দটি ব্যবহার করা হয় বলে জানিয়েছিলেন হরপ্রসাদ শাস্ত্রী, সেটি হল

(A) উপন্যাস

(B) পরিন্যাস

(C) অধিন্যাস

(D) নবন্যাস

**90.** নিম্নলিখিত উপন্যাসগুলির মধ্যে যেটি 'বঙ্গদর্শন'-এ প্রকাশিত হয়নি, সেটি হল

(A) ইন্দিরা

(B) চন্দ্রশেখর

(C) রজনী

(D) আনন্দমঠ

www.prepp.in



**91.** 'বড়বাজার' প্রবন্ধে 'সম্বাদপত্র লেখক'-দের যার সঙ্গে তুলনা করেছিলেন বঙ্কিমচন্দ্র

(A) কলু

(B) ময়রা

(C) কসাই

(D) মহাজন

**92.** "সকল ধর্মেই খাওয়া-দাওয়ার একটা বিধি-নিষেধ আছে, কেবল একটি ধর্ম ছাড়া।" 'প্রাচ্য ও পাশ্চাত্য' প্রবন্ধে উল্লিখিত সেই ধর্মটি হল

(A) ক্রিশ্চানী ধর্ম

(B) জৈন ধর্ম

(C) ইহুদী ধর্ম

(D) শিখ ধর্ম

**93.** যাঁর ভাবনাচিন্তা "জগতের দৃশ্যপটটাকে অনেকটা বদলাইয়া দিয়াছে" বলে জানিয়েছিলেন রামেন্দ্রসুন্দর ত্রিবেদী তাঁর 'সুখ না দুঃখ' প্রবন্ধে

(A) ডারুইন

(B) হবার্ট স্পেন্সর

(C) শোপেনহাওয়ার

(D) আলফ্রেড ওয়ালাস্

**94.** "জন্মিয়া ভারত ভূমে, মজিয়া মোহের ঘুমে/হেলায় হারাই চিরদিন", এই কবিতাটি দিয়ে শুরু হচ্ছে রাসসুন্দরীর 'আমার জীবন'-এর যে-অধ্যায়

(A) দ্বিতীয়

(B) চতুর্থ

(C) ষষ্ঠ

(D) অষ্টম

**95.** "গদ্যের ক্ষেত্রে রবীন্দ্রনাথের অনতি পরেই দুজন... মৌলিক লেখকের সাক্ষাৎ পাই আমরা", 'রবীন্দ্রনাথ ও উত্তরসাধক' প্রবন্ধে যে-দুজন লেখকের কথা বলা হয়েছে

(A) অমিয় চক্রবর্তী ও সজনীকান্ত দাস

(B) প্রমথ চৌধুরী ও সৈয়দ মুজতবা আলী

(C) প্রমথ চৌধুরী ও অন্নদাশঙ্কর রায়

(D) প্রমথ চৌধুরী ও অবনীন্দ্রনাথ ঠাকুর

**96.** 'বইপড়া' প্রবন্ধে প্রমথ চৌধুরী যাঁকে "ন্যায়দর্শনের সর্বশ্রেষ্ঠ ভাষ্যকার" বলেছেন, তিনি হলেন

(A) জয়ন্ত ভট্ট

(B) বাসুদেব সার্বভৌম

(C) বাৎস্যায়ন

(D) বিশ্বনাথ আচার্য

**97.** 'অমঙ্গলবোধ ও আধুনিক কবিতা' প্রবন্ধে বুদ্ধদেব বসুর যে কাব্যগ্রন্থটির উল্লেখ করেছিলেন আইয়ুব

(A) যে-আঁধার আলোর অধিক

(B) শীতের প্রার্থনা বসন্তের উত্তর

(C) বন্দীর বন্দনা

(D) দ্রৌপদীর শাড়ি

**98.** "We have seen mere happenings, but not the deeper truth which is measureless joy'', —অবনীন্দ্রনাথ ঠাকুরের লেখা 'দৃষ্টি ও সৃষ্টি' প্রবন্ধে উল্লিখিত এই বাক্যটি যাঁর লেখা

(A) লিও টলস্টয়

(B) রোমা রোঁল্যা

(C) রবীন্দ্রনাথ ঠাকুর

(D) রবি বর্মা

**99.** 'সংবর্ত' কবিতায় ব্যবহৃত 'অবস্কর' শব্দটির অর্থ হল

(A) মৃতদেহ

(B) জঞ্জাল

(C) ঘাস

(D) ছিন্ন পাতা

**100.** "দীঘির পাড়ের ____________ শাকের ব্যঞ্জন", বিষ্ণু দে-র 'প্রাকৃত কবিতা'-র এই পঙ্‌ক্তির শূন্যস্থানে যে-শব্দ হবে

(A) নালিতা

(B) সজনে

(C) সরিষা

(D) শুষনি

**Space for Rough Work**

www.prepp.in



Space for Rough Work

Prepp Your Personal Exam Guide

**Space for Rough Work**

Prepp Your Personal Exam Guide

www.prepp.in



**Space for Rough Work**

Your Personal Exam Guide